



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

৩৩৩/বিদ্যুৎকান-২২২৭/০০/৪০০

তারিখ:

০৬/০৮/২০২২

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

প্রাপক : সভাপতি, গভর্নিং বডি  
রাজবাড়ী কলেজ  
ডাক-হাটরাজবাড়ী, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ

বিষয় : ০৪/১২/২০২০ খ্রী: তারিখে অনুষ্ঠিত ১৩/২০২০ তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অবহিত  
করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, ০৪/১২/২০২০ খ্রী: তারিখে অনুষ্ঠিত ১৩/২০২০ তম আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায়  
ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: সাদিকুল ইসলাম এর আবেদনটি উপস্থাপন করা হয়। পর্যালোচনা শেষে উপস্থিত সদস্যবৃন্দের মতামতের  
ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: অধ্যক্ষ (সাবেক) মোহা: মিজানুর রহমান-কে গভর্নিং বডি কর্তৃক যথাযথ পদ্ধতি অনুসরণ করে সাময়িক বরখাস্ত করায় এবং তার  
বিরুদ্ধে আনিত অভিযোগ সমূহ প্রমাণিত হওয়ায় তার চূড়ান্ত বরখাস্তের আবেদন মঞ্জুর করার সুপারিশ করা হলো। বিষয়টি অনুমোদনের জন্য পরবর্তী  
বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

উল্লেখ্য, আপীল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক গৃহীত উল্লিখিত সুপারিশ গত ২৮/০৭/২০২১ খ্রী: তারিখে অনুষ্ঠিত ২৪৭ তম বোর্ড  
সভায় অনুমোদিত হয়েছে।

বিধায় বোর্ড সভায় অনুমোদিত সুপারিশ বাস্তবায়নের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

বিদ্যালয় পরিদর্শক ও কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

স্মারক নম্বর .....

তারিখ: .....

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):-

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
- ৪। (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ  
রাজবাড়ী কলেজ  
ডাক-হাটরাজবাড়ী, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ
- ৫। মোহা: মিজানুর রহমান  
অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত)  
রাজবাড়ী কলেজ  
ডাক-হাটরাজবাড়ী, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ

বিদ্যালয় পরিদর্শক ও কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী